বিশ্ববিদ্যালয় বন্ধ করেও বিক্ষোভ

- অবরুদ্ধ ক্যাম্পাসে দিনভর বিক্ষোভ
- রোকেয়া হলে পানি বন্ধ করে দেয়ার অভিযোগ
- পুলিশ কনস্টেবল প্রহৃত
- ভিসি'র পদত্যাগের দাবীতে আজ থেকে আমরণ অনশন
- ছাত্র-ছাত্রীদের হল ত্যাগ
- শিক্ষকদের মৌন মিছিল ও কালো ব্যাজ ধারণ
- সকল পরীক্ষা স্থগিত

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ ঢাকা বিশ্ববিদ্যালয় বন্ধ ঘো... প্রতিবাদী ছাত্র-ছাত্রীদের বিক্ষোভ ঠেকানো যায়নি। ভিসি... পদত্যাগের দাবীতে গতকাল (রবিবার)ও ক্যাম্পাস ... রোকেয়া হলের বিপুলসংখ্যক ছাত্রী কর্তৃপক্ষের আ... বৃদ্ধাঙ্গুলি দেখিয়ে হল ত্যাগ না করে হলের সামনে রা... করে দিনভর বিক্ষোভ ও অবস্থান ধর্মঘট কর্মসূচী পালন করে। এছাড়া সকল হল সকালে খালি হয়ে গেলেও বিভিন্ন হলের ছাত্ররা যোগ দেয় বিক্ষোভে। বিশ্ববিদ্যালয়ের শিক্ষকরা ছাত্র-ছাত্রীদের সাথে একাত্মতা ঘোষণা ও সংহতি প্রকাশ করে। বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি মৌন মিছিল, ও কালো ব্যাজ ধারণ করে। সর্বস্তরের ছাত্র-শিক্ষকদের এ অব্যাহত প্রতিবাদ-বিক্ষোভের মধ্য দিয়ে বহিঃপ্রকাশ ঘটছে ধূমায়িত অসন্তোষের। ছাত্র-শিক্ষকদের এ বিক্ষোভের দাবানল দেশের অন্যান্য বিশ্ববিদ্যালয়েও ছড়িয়ে পড়তে পারে। গণতান্ত্রিক ছাত্রঐক্য ও জাসদ ছাত্রলীগ ভিসির পদত্যাগের দাবীতে...

হারাইয়াছে ঃ আমার এসএসসি (১... সাল), এইচএসসি (১৯৯৩ সাল) এবং ... (১৯৯৬ সাল) ঢাকা বোর্ড, মানবিক শা... মূল সনদপত্র, মূল নম্বরপত্র, প্রবেশপত্র ... রেজিস্ট্রেশন কার্ড হারাইয়াছে যার জিডি ... ১৯৮০ (মিরপুর), ঢাকা। তৌ... হায়দার।

সি-১০৪৯৭/২০...

হারাইয়াছে ঃ আমার এইচএসসি মূ... সনদপত্র ও মার্কশীট কেন্দ্র হাতিয়া-... রোল-১১৩৮৫৪, রেজিঃ ৫৫০৪৬৮ বিজ্ঞান বিভাগ, সেশন '৯৮-৯৯, পাসে... সন-২০০০, কুমিল্লা বোর্ড, হারাইয়াছে বাড্ডা থানা জিডি নং-১৫৪৮, তাং ২৮-৭-০২। সাইফুল ইসলাম।

সি-১০৫৩৬/২০০...

হারাইয়াছে ঃ আমার ডিগ্রী ...

বিশ্ববিদ্যালয় বন্ধ করেও বিক্ষোভ ঠেকানো যায়নি

প্রথম পৃষ্ঠার পর

কর্তৃপক্ষ বিশ্ববিদ্যালয় বন্ধ ঘোষণার পর নির্ধারিত সকল পরীক্ষা অনির্দিষ্টকালের জন্য স্থগিত করেছে। শ্লোগানে গতকালও ক্যাম্পাস পরিস্থিতি ছিল উত্তপ্ত। ক্যাম্পাসে ছিল নিশ্ছিদ্র নিরাপত্তা পাহারা। প্রবল বৃষ্টিকে উপেক্ষা করে ছাত্র-ছাত্রীরা দিনভর বিক্ষোভ, লাগাতার অবস্থান ধর্মঘট এবং ক্যাম্পাস ত্যাগ না করার ঘোষণা দিলেও সন্ধ্যায় সকলে ক্যাম্পাস এলাকা ত্যাগ করে। বিক্ষোভকালে ছাত্ররা এক পুলিশ কনস্টেবলকে মারধর এবং একটি মিনিবাস ভাঙচুর করে। বিক্ষুব্ধ নির্যাতন বিরোধী ছাত্র-ছাত্রীরা আজ থেকে শহীদ মিনারে আমরণ অনশনের ঘোষণা দিয়েছে।

গত শনিবার রাতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসির বিশ্ববিদ্যালয় অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা এবং হল ত্যাগের নির্দেশের প্রতিবাদে ছাত্র-ছাত্রীরা তাৎক্ষণিকভাবে বিক্ষোভ করলেও গতকাল সকাল ৮টার মধ্যেই রোকেয়া হল বাদে সকল হলের ছাত্র-ছাত্রীরা হল ত্যাগ করে। ছাত্র-ছাত্রীদের সম্ভাব্য বিক্ষোভ ঠেকাতে ক্যাম্পাস ও হলগুলোতে মোতায়েন ছিল বিপুলসংখ্যক বিডিআর এবং পুলিশ। ক্যাম্পাসের সর্বত্র ছিল সতর্ক পুলিশ পাহারা। বাইরে থেকে এসে কোন ছাত্র-ছাত্রী যাতে বিক্ষোভে অংশ নিতে না পারে সে জন্য প্রবেশ পথ দিয়ে কাউকেই ঢুকতে দেয়া হয়নি।

রোকেয়া হলের ছাত্রীরা হল ত্যাগ করবে না বলে ঘোষণা দেয় শনিবার রাত থেকেই। সকাল থেকেই ছাত্রীরা হলের ভেতরে বিক্ষোভ করতে থাকে। গতকাল সকাল সোয়া ৭টার দিকে এই হলের গেট খুলে দেয়া হয়। ছাত্রীদের আত্মীয়-স্বজন এসে ভিড় জমায় হল গেটে। হল গেট খোলার পর ছাত্রীদের একটি অংশ হল ত্যাগ করলেও দেড় শতাধিক ছাত্রী হলের সামনের রাস্তায় বসে পড়ে বিক্ষোভ শুরু করে।

বিভিন্ন হল থেকে আসা ছাত্ররা ক্যাম্পাস ত্যাগ না করে ছাত্রীদের সাথে যোগ দেয়। বিক্ষোভকারী ছাত্র-ছাত্রীরা ভিসির বিশ্ববিদ্যালয় বন্ধ ঘোষণার সিদ্ধান্তকে প্রত্যাখ্যান করে ক্যাম্পাসে লাগাতার অবস্থান ধর্মঘট করার ঘোষণা দেয়। গোটা সড়ক তারা অবরোধ করে রাখে। সাড়ে ...টার দিকে ছাত্ররা কেউ কেউ পেপার বিছিয়ে রাস্তায় শুয়ে পড়ে। এই এলাকায় মোতায়েন ছিল বিপুলসংখ্যক দাঙ্গা পুলিশ। ...ইলা এক পুলিশ কর্মকর্তা ছাত্র-ছাত্রীদের ভেতরে ঢুকতে চাইলে উত্তেজনা দেখা দেয়। বিক্ষোভকালে ছাত্র-ছাত্রীরা '৬ দফার ১ দাবী ভিসি তুই কবে যাবি', প্রভৃতি মুহুর্মুহু শ্লোগান তুলে। সকাল ১০টার দিকে বিশ্ববিদ্যালয়ের বেশ কয়েকজন শিক্ষক এসে ছাত্র-ছাত্রীদের সাথে যোগ দেন। শিক্ষকদের মধ্যে ছিলেন মেসবাহ কামাল, রফিকুল্লাহ খান, মেসবাহউদ্দিন, আব্দুস সামাদ, সৈয়দ আনোয়ার হোসেন, রুবাইয়াত ফেরদৌস প্রমুখ। শিক্ষকরা এ সময় পুলিশকে টিএসসি ছেড়ে চলে যেতে বললে তীব্র বাক-বিতণ্ডা হয়। বিক্ষোভকালে পুলিশ মাইক আটকিয়ে দিলেও পরে তা ছেড়ে দেয়া হয়। সকাল সোয়া ১০টার দিকে মাইকের স্ট্যান্ড কয়েকজন ছাত্র আনতে চাইলে পুলিশ বাধা দিলে পরে শিক্ষকদের তুমুল প্রতিবাদের মুখে তা ছেড়ে দেয়। এ সময় বিক্ষুব্ধ ছাত্র-ছাত্রীরা কেউ কেউ বার বার উত্তেজিত হয়ে পড়লে অন্যরা তাদের শান্ত করে। ছাত্র-ছাত্রীরা রোকেয়া হলের সামনের রাস্তাকে মুক্তাঞ্চল ঘোষণা করে এবং রোকেয়া হল ... বলে ঘোষণা দেয়। ছাত্রীরা ঘোষণা দেয়, 'মেয়েরা কর্তৃপক্ষের নির্দেশ মানে না, তারা রাতে হলে অবস্থান করবে। তারা ভিসির পদত্যাগ না হওয়া পর্যন্ত সেখানে অনির্দিষ্টকালের জন্য অবস্থান, ধর্মঘট পালনের সিদ্ধান্ত নেয়। এ সময় জনৈক ছাত্রী আজ সাধারণ ছাত্র-ছাত্রীদের পক্ষে অর্ধদিবস হরতাল পালনের ঘোষণা দিলে কর্মসূচী নিয়ে তুমুল হৈ চৈ শুরু হয়। পরে এ কর্মসূচী বাতিল করা হয়। বেলা ১টার দিকে পুলিশের একটি মিনিবাস (নং-ঢাকা-চ-৩৩২২) ছাত্র-ছাত্রীদের ব্যারিকেড ভেঙ্গে ভেতরে ঢুকতে চাইলে বিক্ষুব্ধ ছাত্ররা বাস ভাঙচুর করে। এ সময় শিক্ষকরা ভাঙচুরে বাধা দেয়। পুলিশ এ সময় ছাত্রদের ধাওয়া করলে অনেকেই ছত্রভঙ্গ হয়ে যায়। কিন্তু পুলিশের এডিসি রুহুল আমিনের হস্তক্ষেপে কোন ধরনের হামলা ছাড়াই পরিস্থিতি শান্ত হয়। ছাত্ররা পুনরায় এসে জমায়েত হয়। এর আগে বেলা ১১টার দিকে গোয়েন্দা পুলিশের এডিসি কোহিনুর বিক্ষোভরত ছাত্র-ছাত্রীদের ভিডিও চিত্র ধারণ করতে গেলে তারা ক্ষুব্ধ হয়ে ওঠে। কয়েকজন ছাত্র কোহিনুরের দিকে তেড়ে আসলে সাঈদ নামে এক পুলিশ কনস্টেবল তাদের থামাতে চাইলে ছাত্ররা তাকে মারধর করে। পুলিশ এ সময় সাঈদকে উত্তেজিত ছাত্রদের হাত থেকে রক্ষা করেন। এ সময় সেখানে মৃদু উত্তেজনা দেখা দেয়।

ইনকিলাব ঃ ঢাকা বিশ্ববিদ্যালয় বন্ধ ঘোষণা করায় গতকাল হল ত্যাগ করে চলে যান ছাত্রীরা

এদিকে দুপুর আড়াইটার দিকে তুমুল বৃষ্টি শুরু হলে ছাত্র-ছাত্রীরা তা উপেক্ষা করে বিক্ষোভ চালিয়ে যেতে থাকে। অবস্থান ধর্মঘটকালে ভিসির ব্যাঙ্গাত্মক কার্টুন, ব্যাঙ্গাত্মক প্রতিকৃতি, প্রতিবাদী ছড়া, গান ও ছবি আঁকা হয়। বিকেল ৪টার দিকে বিশ্ববিদ্যালয়ের প্রো-ভিসি প্রফেসর ইউসুফ হায়দার রোকেয়া হলের সামনে এসে ছাত্র-ছাত্রীদের বিশ্ববিদ্যালয় বন্ধ করার কর্তৃপক্ষীয় ঘোষণাকে মেনে নেয়ার আহবান জানান। ছাত্র-ছাত্রীরা এ আহবান নাকচ করে দেয়। প্রো-ভিসি ছাত্র-ছাত্রীদের কথা দেন, রোকেয়া হলে কোন ধরনের পুলিশী আক্রমণ হবে না। এরপর তিনি চলে গেলে সেখানে অবস্থান করা হবে কি হবে না এ নিয়ে ছাত্র-ছাত্রীদের মধ্যে দ্বিধা-দ্বন্দ্ব দেখা দেয়। তুমুল হট্টগোলের মাঝে পরে সিদ্ধান্ত নেয়া হয়, রাতে সকল ছাত্রী হলের ভেতরে এবং ছাত্ররা হলের বাইরে অবস্থান করবে। কিন্তু সন্ধ্যায় সকল ছাত্র-ছাত্রী ক্যাম্পাস ছেড়ে চলে যায়।

এদিকে ছাত্রীরা অভিযোগ করে, হল প্রশাসন ছাত্রীদের হল ত্যাগে বাধ্য করতে বেলা ১টার দিকে পানির লাইন কেটে দেয়। ছাত্রীরা এ খবর শুনে ক্ষোভে ফেটে পড়ে। উপস্থিত সকলের মধ্যে এ নিয়ে বিস্ময়ের সৃষ্টি হয়। বিকেলে আবার পানির লাইন ঠিক করা হয়। তবে হল প্রশাসন বলছে, পানির সরবরাহ আকস্মিক বন্ধ হয়ে গিয়েছিল ... ঠিক করা হয়েছে।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের সকল পরীক্ষা স্থগিত

ঢাকা বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠেয় কোর্স ও সনাতন পদ্ধতির সকল পরীক্ষা অনিবার্য কারণবশত পরবর্তী ঘোষণা না দেয়া পর্যন্ত স্থগিত করা হয়েছে। তবে ১৯৯৯ সালের শেষ পর্ব গার্হস্থ্য অর্থনীতির পরীক্ষা পূর্ব ঘোষিত সময়সূচী অনুযায়ী সংশ্লিষ্ট কলেজ কেন্দ্রে অনুষ্ঠিত হবে।

আজ অর্ধদিবস হরতাল ও ধর্মঘট

ঢাকা বিশ্ববিদ্যালয়ের শামসুন্নাহার হলে মধ্যরাতে পুলিশী হামলার প্রতিবাদে ও ভিসি, প্রক্টর-এর অপসারণ এবং অবিলম্বে বিশ্ববিদ্যালয় খুলে দেয়ার দাবীতে ছাত্র ইউনিয়ন, সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্ট ও ছাত্র মৈত্রীসহ বাম ছাত্র সংগঠনের জোট গণতান্ত্রিক ছাত্রঐক্য এবং জাসদ ছাত্রলীগ আজ ঢাকায় সকাল ৬টা থেকে দুপুর ১২টা পর্যন্ত অর্ধদিবস হরতাল আহ্বান করেছে। এ ছাড়া সারাদেশে শিক্ষা প্রতিষ্ঠানে ধর্মঘট পালন করা হবে। গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয় সাংবাদিক সমিতির কার্যালয়ে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে ছাত্রঐক্যের নেতৃবৃন্দ এ কর্মসূচী ঘোষণা করে। এ সময় বক্তব্য রাখে ছাত্রফ্রন্টের সাধারণ সম্পাদক খোকন দাস, ছাত্র ইউনিয়নের নূর আলম, ছাত্র মৈত্রীর আব্দুল আহাদ মিনার, বাসদ ছাত্রলীগের মহিনুদ্দিন চৌধুরী লিটন প্রমুখ। একই দাবীতে জাসদ ছাত্রলীগ আজ ঢাকায় অর্ধদিবস হরতালের কর্মসূচী ঘোষণা করেছে। এ উপলক্ষে ঢাকা বিশ্ববিদ্যালয় সাংবাদিক সমিতি কার্যালয়ে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে বক্তব্য রাখেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের আহবায়ক গোলা... শামীম, সাজ্জাদ হোসেন প্রমুখ।

ছাত্রলীগের ধিক্কার দিবস পালিত

ছাত্রলীগের উদ্যোগে শামসুন্নাহার হলে পুলিশের হামলা ও বিশ্ববিদ্যালয় বন্ধের প্রতিবাদ এবং ভি... ও প্রক্টর-এর পদত্যাগের দাবীতে ধিক্কার দিব... উপলক্ষে গতকাল এক বিক্ষোভ মিছিল কেন্দ্রী... কার্যালয় থেকে শুরু হয়ে নগরের বিভিন্ন সড়... প্রদক্ষিণ শেষে কেন্দ্রীয় কার্যালয়ের সম্মুখে... সমাবেশে মিলিত হয়। ছাত্রলীগ ভারপ্রাপ্ত সভাপ... মারুফা আক্তার পপির সভাপতিত্বে সমাবেশে... বক্তব্য রাখেন সংগঠনের ভারপ্রাপ্ত সাধারণ... সম্পাদক মোঃ সাইফুজ্জামান শিখর, সহসভাপতি... বলরাম পোদ্দার, শাহাজাদা মহিউদ্দিন, গোলা... সারোয়ার মামুন, দেবাশীষ বিশ্বাস, ওহিদুর রহমা... টিপু, খান মইনুল ইসলাম মোতাক, পনিরুজ্জামা... তরুণ, অলোক বণিক, অর্থ সম্পাদ... মোরশেদুজ্জামান সেলিম, মামুনুর রশিদ ও... সাধারণ সম্পাদক গোলাম সারোয়ার কবির সাইফুন্নবী সাগর, আমিনুল হক কবীর।

এদিকে অবিলম্বে আবাসিক হলসহ ঢা... বিশ্ববিদ্যালয় খুলে দেয়ার দাবীতে ছাত্রদ... গতকাল শাহবাগে পুলিশ ব্যারিকেডের ... বিক্ষোভ মিছিল ও সমাবেশের আয়োজন করে... সমাবেশে বক্তব্য রাখেন মির্জা আনোয়ারুল... আনোয়ার, আলী হাসান তরুণ। বক্তারা অবি... ভিসি ও প্রক্টরের পদত্যাগ দাবী করে বিশ্ববিদ্যা... খুলে দেয়ার ...